# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
## বিভিন্ন অপরাধে ১৬৮টি প্রতিষ্ঠানকে ১১.৫৭ লক্ষ টাকা জরিমানা

**১৪ মে ২০১৯ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ৫৫ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম মহানগর, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, সিলেট, পটুয়াখালী, মুন্সীগঞ্জ, চুয়াডাঙ্গা, হবিগঞ্জ, কিশোরগঞ্জ, মাগুরা, পঞ্চগড়, নওগাঁ, কক্সবাজার, নেত্রকোণা, ঝিনাইদহ, বরিশাল, কুমিল্লা, নাটোর, মাদারীপুর, রাজবাড়ী, ভোলা, জামালপুর, চাঁদপুর, গাইবান্ধা, সিরাজগঞ্জ, নোয়াখালী, টাঙ্গাইল, শরীয়তপুর, ফরিদপুর, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহী, গাজীপুর, দিনাজপুর, খুলনা, যশোর, ঝালকাঠি, ফেনী, নরসিংদী, বাগেরহাট, ময়মনসিংহ, কুষ্টিয়া ও বগুড়ায় বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়েরউপপরিচালক জনাব মনজুর মোহাম্মদ শাহরিয়ার, সহকারী পরিচালক জনাব আতিয়া সুলতানা, জনাব মোঃ মাসুম আরেফিন, জনাব আফরোজা রহমান ও ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক তেজগাঁও, যাত্রাবাড়ী, গেন্ডারিয়া, তুরাগ, দক্ষিণ খান, উত্তরা পশ্চিম এলাকায় বাজার তদারকি পরিচালনা করা হয়। বাজার তদারকিকালে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরির অপরাধে ইভা এন্ড মুক্তা প্লাস কোঃ, রিদম পিওর ড্রিকিং ওয়াটার, হাসানের মুরগীর দোকান, রুহরের মুরগীর দোকান, আমিরস হোটেল এন্ড রেস্টুরেন্ট, তানিয়া বেকারী, একতা বেকারী, হিমালয় রেস্টুরেন্ট, খাজানা রেস্টুরেন্ট এন্ড কাবাবকে যথাক্রমে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা, ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা, ৩,০০০/- (তিন হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, ২০,০০০/- (বিশ হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, ১৫,০০০/- (পনের হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলতাফ জেনারেল স্টোর, দেওয়ান এন্টারপ্রাইজ, রিদম পিওর ড্রিকিং ওয়াটার, বাজাজ ফ্রুটস, উত্তরা ফ্রুটস, সাব্বির ফ্রুটস, একতা বেকারী, নোয়াখালী জেনারেল স্টোর, নিউ মোতালেব জেনারেল স্টোরকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করারঅপরাধে রাশেম স্টোর, আল মদিনা স্টোর, মা রাইচ স্টোর, ২২/২৩ নং স্টোর, আলমগীর হাঁস হাউজ, জসিম এর মুরগীর দোকান, মকসেদ এর মুরগীর দোকান, দেলোয়ারের মুরগীর দোকান, ইসমাইলের মুরগীর দোকান, মনিরের মুরগীর দোকান, রায়হানের মুরগীর দোকান আ: সাত্তারের মুরগীর দোকান, রাসেল জেনারেল স্টোরকে যথাক্রমে ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫০০/- (পাঁচশত) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট **৩,৬১,০০০/- (তিন লক্ষ একষট্টি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া দেশব্যাপী **৫০টি** বাজার তদারকির মাধ্যমে অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরি, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয় খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, ভেজাল পণ্য বা ঔষধ বিক্রয়, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রের কারচুপি, ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, ওজনে কারচুপির, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে **১৩৩টি** প্রতিষ্ঠানকে **৭,৮০,০০০/- (সাত লক্ষ আশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

অন্যদিকে লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রি ও প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে **৬টি** প্রতিষ্ঠানকে **১৬,০০০/- (ষোল হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,০০০/- (চার হাজার)** টাকা প্রদান করা হয়।

গত ১৪ মে ২০১৯ তারিখে **৫৫টি** বাজার তদারকি ও **৬টি** লিখিত অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **১৬৮টি** প্রতিষ্ঠানকে মোট **১১,৫৭,০০০/- (এগার লক্ষ সাতান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং আদায়কৃত জরিমানা হতে **৬ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৪,০০০/- (চার হাজার)** টাকা প্রদান করা হয়। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, জেলা পুলিশ, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, সিভিল সার্জন, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, বাজার কর্মকর্তা, স্যানেটারী ইন্সপেক্টর, শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে।

স্বাক্ষরিত/-
ফাহমিনা আক্তার
সহকারী পরিচালক (কার্যক্রম)
ফোনঃ ০২-৮১৮৯৪১১
ই-মেইলঃ ad-operation@dncrp.gov.bd

প্রাপক,

১। ব্যবস্থাপনা পরিচালক, এটিএন বাংলা/এটিএন নিউজ/চ্যানেল আই/ইটিভি/এনটিভি/আরটিভি/বাংলাভিশন/দেশ টেলিভিশন/ সময় টিভি/ চ্যানেল ৭১/যমুনা টিভি/এসএটিভি/মাছরাঙা/গাজী টেলিভিশন/বৈশাখী টিভি/চ্যানেল নাইন/ এশিয়া টিভি/ মাইটিভি/ বিজয় টেলিভিশন (উল্লিখিত টিভি চ্যানেলগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

২। সম্পাদক, দৈনিক প্রথম আলো/ডেইলি স্টার/দৈনিক ইত্তেফাক/দৈনিক যুগান্তর/দৈনিক সমকাল/দৈনিক জনকণ্ঠ/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের সময়/দৈনিক নয়াদিগন্ত/দৈনিক যায়যায়দিন/দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংগ্রাম/ দৈনিক ভোরের কাগজ/দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের ডাক/দৈনিক দিনকাল/দৈনিক মানবকণ্ঠ/ দৈনিক আমাদের অর্থনীতি/ দৈনিক বণিক বার্তা/বার্তা/দৈনিক আমার কাগজ/ভোক্তা কণ্ঠ.কম/সাপ্তাহিক কনজুমার ভয়েস/দৈনিক দেশেরপত্র (উল্লিখিত সংবাদ পত্রিকাগুলোতে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি: অবগতি ও কার্যার্থে(তাঁর নিয়ন্ত্রিত প্রচার মাধ্যমে/দাপ্তরিক নোটিশ বোর্ডে সংযুক্ত ছকটি ব্যাপক প্রচারের জন্য)

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৫। পুলিশ কমিশনার (সকল)।
৬। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৭। জেলা প্রশাসক (সকল)।
৮। পুলিশ সুপার (সকল)।
৯। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।